দৈনিক সংবাদ

তারিখ ... JUN 17 1999
পৃষ্ঠা ২ কলাম ২

১০২

# এসএসসির ফল প্রকাশ হবে আজ

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ বৃহস্পতিবার বিকেলে ৫টি শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষার ফল একযোগে প্রকাশিত হবে।

পরীক্ষা কেন্দ্র ও স্কুলগুলোতে বিকেল ৪টায় সংশ্লিষ্ট ফলাফলের কপি যাবে। পরীক্ষার্থীদের সেখান থেকে ফল সংগ্রহ করতে হবে। পত্রিকা অফিসে পরীক্ষার ফল পাওয়া যাবে না এবং শিক্ষা বোর্ডগুলোতেও টানানো হবে না।

আজ বিকেল ৩টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ৫ বোর্ডের চেয়ারম্যানরা এসএসসি পরীক্ষার ফল আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করবেন। শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক এ সময় উপস্থিত থাকবেন।

৫ বোর্ডের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, ফল প্রকাশের যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।